

AME(ECT RTHD)
Date: 03/06/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটি সংস্থাপন অধিশাখা

www.rthd.gov.bd

ঢাকা-নবীনগর-চন্দ্র-টাঙ্গাইল ও আবুল্লাহপুর-গাজীপুর জাতীয় মহাসড়কের
যানজট নিরসনকল্পে করণীয় নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	ওবায়দুল কাদের এমপি মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ	:	১৯-০৫-২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	১১:০০ ঘটিকা
স্থান	:	সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সাসেক সড়ক সংযোগ প্রকল্প এর সাইড অফিস কালিয়াকৈর, গাজীপুর
উপস্থিতি	:	পরিষিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পৰিত্র রমজান ও আসন্ন ঈদ-উল-ফিতর
উপলক্ষে মহাসড়কের বিভিন্ন সমস্যাদি নিয়ে আয়োজিত সভায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান।

২। ঢাকা-নবীনগর-চন্দ্র-টাঙ্গাইল ও আবুল্লাহপুর-গাজীপুর জাতীয় মহাসড়কের যানজট নিরসনকল্পে করণীয় নির্ধারণ
সংক্রান্ত সভায় জনাব আ. ক. ম. মোজাম্বেল হক, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বেগম মেহের আফরোজ
চুমকি, মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সভায় উপস্থিত ছিলেন। মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক ও মহিলা ও
শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মঙ্গোদয়ের জরুরি কাজ থাকায় সভায় শুরুতেই তাঁরা নিজ নিজ এলাকার একাধিক সড়কের কাজ
প্রকল্পভূক্তকরণসহ মেরামতের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে সভাপতি উপস্থিত সওজ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের উক্ত
সড়কগুলোর বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন।

৩। সভায় অন্যান্যদের মধ্যে প্রধান প্রকৌশলী, সওজ, অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, চেয়ারম্যান,
বিআরটিসি, ডিআইজি হাইওয়েসহ সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প, প্রকল্প
পরিচালক, সাসেক প্রকল্প, জেলা প্রশাসক, গাজীপুর ও সিরাজগঞ্জ, পুলিশ সুপার(হাইওয়ে), গাজীপুর, স্থানীয় অন্যান্য
জনপ্রতিনিধি ও পরিবহন সংশ্লিষ্ট বিভিন্ন মালিক/শ্রমিক প্রতিনিধি উপস্থিত ছিলেন।

৪। সভাপতি বলেন যে, এ সভাটি ঢাকায় না করে মাঠ পর্যায়ে করায় অধিক ফলপ্রসূ হবে। মাঠ প্রশাসনের কর্মকর্তা,
প্রকৌশলী আইন প্রয়োগকারি সংস্থার কর্মকর্তাদের ঢাকায় নিয়ে সভা করতে অধিক বিড়ব্বনার সম্মুখীন হতে হয়। তিনি
সংশ্লিষ্ট সকলকে বাস্তবে দৃশ্যমান সমস্যার আঙোকে করণীয় সম্পর্কে নির্দেশনা দেন। তিনি আরও বলেন পুলিশ, সিভিল
প্রশাসন ও সওজ' এর প্রকৌশলীদের যৌথ সমন্বয়ে যেকোন কঠিন কাজও সমাধান করা সম্ভব। তাহাতে কোন কাজের জন্য যা
করণীয় তা যথাসময়ে সম্পন্ন করতে হবে। কোন প্রকার অজুহাতে কাজটি ফেলে রাখা যাবে না। তিনি সংশ্লিষ্ট প্রকৌশলীদের
উদ্দেশ্যে আরও বলেন, যদি বৃষ্টির সময়ও সড়কে পটলস মেরামতের প্রয়োজন হয় তবে তা করতে হবে। জনসাধারণের জন্য

অপর পাতায় দ্রষ্টব্য

২৮

যে কোন ঘূল্যে রাস্তা Passable রাখতে হবে। ট্রাফিক জ্যাম সহনীয় পর্যায় রাখতে হবে। স্থি-হইলার, ইজিবাইক, লেগুনা জাতীয় মোটরযান কোন অবস্থাতেই মহাসড়কে উঠতে দেয়া যাবে না। এছাড়া মহাসড়কে বাজার, অবৈধ স্থাপনার উচ্চেদ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন/সিটি কর্পোরেশন যথাযথ ব্যবস্থা নেবে। যানবাহন চলাচল অব্যাহত রাখার জন্য পুরো রংজান মাস বিআরটি প্রকল্পের কাজ বন্ধ থাকবে। বঙ্গবন্ধু সেতুতে ওজনস্কেল পর্যাপ্ত না থাকলে Portable ওজন স্কেল বসাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। যে কোন ঘূল্যে সড়কে জনগণের ভোগান্তি নিরসনের ব্যবস্থা নিতে হবে। তিনি গাজীপুর সিটি কর্পোরেশনকে অবিলম্বে ঘয়লা ও আবর্জনা ফেলার জন্য ডাম্পিং স্থান নির্ধারণ করতে নির্দেশ দেন। সভাপতি এ কাজে প্রয়োজনে সম্ভাব্য সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। কিন্তু কোন অবস্থাতেই মহাসড়কের পার্শ্বে ঘয়লা/আবর্জনা না ফেলার জন্য উপস্থিত গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেন। তিনি বিভিন্ন মালিক শ্রমিক সংগঠনের নেতৃত্বস্বর্দের উদ্দেশ্যে বলেন, ড্রাইভার-শ্রমিকদের বিশ্বাস দিতে হবে। বিশ্বাসের অভাবে ড্রাইভারা রেলক্রসিংসহ বিভিন্ন পয়েন্টে ঘুমিয়ে যায়। এতে যানজট প্রকট হওয়া ছাড়াও মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। কারখানা/গার্মেন্টস মালিকগণকে ঈদের ছুটি একসাথে না দিয়ে ভিন্ন ভিন্ন তারিখে দেয়ার অনুরোধ জানান। এতে সড়কে পরিবহনের চাপ কমবে এবং যাত্রী সাধারণ নির্বিশে গন্তব্য স্থানে পৌছতে পারবেন। ঈদের ৩ (তিনি) দিন পূর্বে থেকে অত্যাবশ্যকীয় পণ্যবাহী (গার্মেন্ট সামগ্রী, ঔষধ, পচনশীল দ্বয় ইত্যাদি) পরিবহন যান ব্যতীত অন্যান্য পরিবহন যান রাস্তায় চলাচল বন্ধ থাকবে। সড়কের সকল প্রকার মেরামত কাজ আগামী ০৮-০৬-২০১৮ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। ট্রাফিক জনবল বৃক্ষিসহ গুরুত্বপূর্ণ ইন্টার সেকশনগুলোতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা ও মনিটরিং জোরদার করতে হবে। এসব কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৫। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব সভায় আগত জেলা প্রশাসক/ প্রতিনিধি, পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, ইভাস্ট্রিয়াল পুলিশ, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ, বিশেষ করে মাননীয় মন্ত্রী মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় প্রতিমন্ত্রী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় নেতৃত্বস্বর্দে অংশগ্রহণ করে সভাকে সার্থক করে তোলার জন্য কৃতজ্ঞতা ব্যক্ত করেন এবং ধন্যবাদ জানান। তিনি বলেন, মহাসড়কের যানজট নিরসনে এ বিভাগের উদ্যোগে ইতোপূর্বে একাধিক সভা করা হয়েছে। তাতে সকল মহাসড়ককে ৪ (চার) লেন উন্মুক্ত রাখা, কাভার্ড ভ্যান এক সারিতে রাখা, সড়কে জমে থাকা পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ, ডেনেজ ব্যবস্থার উন্নয়ন, গাজীপুর সিটি কর্পোরেশনের ঘয়লার ডাম্পিং গ্রাউন্ড তৈরি, গাজীপুর চৌরাস্তা পর্যন্ত সড়কের গ্যাপ (ফৌকা স্থান) কমানো ও বাস স্টপেজ নির্ধারণসহ অন্যান্য আরও কিছু নির্দেশনা সংশ্লিষ্টদের দেয়া হয়েছে। কাজ সম্পাদনে সকলের সমন্বয় ও সহযোগিতা পাওয়া গেলে ঈদ-উল-ফিতর যথাযথভাবে সকলকে নিয়ে সুন্দরভাবে পালন করতে সক্ষম হবেন বলে তিনি আশাদাবাদ ব্যক্ত করেন।

৬। উপস্থিত বিভিন্ন দপ্তর/সংস্থা/সংগঠনের প্রতিনিধিবৃন্দ যানজট এবং সড়ক নিরাপত্তা ও মেরামত বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরেন। উক্ত আলোচনা ও প্রতিনিধিবৃন্দের মতামত থেকে নিম্নোক্ত সমস্যাসমূহ চিহ্নিত হয়ঃ

- অতিরিক্ত ওজনবাহী যানবাহন রাস্তার মারাত্মক ক্ষতি সাধন করে;

২/১

অপর পাতায় দ্রষ্টব্য

- ০ ওজনক্ষেলের সংখ্যা প্রয়োজনের তুলনায় কম এবং তিনি ওজনক্ষেল বিদ্যমান থাকলেও তা প্রায়শই নষ্ট থাকে;
- ০ বঙ্গবন্ধু ব্রিজের ওজন স্টেশনে বুথের সংখ্যা অপ্রতুল;
- ০ ঈদের ৩ (তিনি) দিন পূর্ব থেকেই অত্যাবশ্যকীয় ট্রাক ও কার্ভার্ডভ্যান ব্যতিত অন্যান্য যানবাহন চলাচল উৎস স্থল থেকে নিয়ন্ত্রণ করা না হলে যানজট প্রকট হবে;
- ০ সড়কে ঈদের পূর্ব মুহূর্তে ফিটনেসবিহীন গাড়ির আধিক্য বেড়ে যায় ফলে দুর্ঘটনা বৃদ্ধি পায়;
- ০ মহাসড়কে প্রি-হাইলারসহ ব্যাটারিচালিত গাড়ি, ইজিবাইক ইত্যাদি চলাচল করায় যানজট সৃষ্টি হয়;
- ০ গুরুত্বপূর্ণ ইন্টারসেকশনগুলোতে মোবাইল কোর্টের সংখ্যা বাড়ানো প্রয়োজন;
- ০ রাস্তার লেন বঙ্গ করে বিআরটি প্রকল্পের কাজের জন্য যানজটের সৃষ্টি হয়;
- ০ গাজীপুর চৌরাস্তা হতে ইটাহাট নাওজোর পর্যন্ত ২ কিলোমিটার সড়কের অবস্থা জরাজীর্ণ;
- ০ মাঝুখান থেকে পুরাইল পর্যন্ত সাড়ে তিনি কিলোমিটার সড়ক ও ব্রিজের কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন;
- ০ টংগী-পুরাইল সড়ক, উলুখানা-ঘোড়াশাল সড়ক ও মাওনা-চৌরাস্তা-বর্মি সড়কের সংস্কার কাজ করা আবশ্যিক;
- ০ কালিয়াকৈর-ধামরাই সড়কের কাজ দ্রুত সম্পন্ন করা;
- ০ মহাসড়কের বিভিন্ন স্থানে সিটি কর্পোরেশনের ময়লা/আবর্জনা ফেলা;
- ০ উত্তরবঙ্গের বিভিন্ন জেলা হতে আগত মাহের ট্রাকের পানি মহাসড়ককে ক্ষতিগ্রস্ত করছে;
- ০ টাঙ্গাইলের এলেঙ্গা বাজার সড়কে এইচ বিবি'র কাজ দ্রুত শেষ করা;
- ০ ভোগড়া থেকে টাঙ্গাইল পর্যন্ত সড়কের বিভিন্ন পর্যন্তে সিএনজি/লেগুলা অবৈধভাবে চলাচল করে।

৭। সভায় উপরোক্ত সমস্যাবলী নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :


ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মহাসড়কের সকল ধরণের মেরামত কাজ আগামী ০৮-০৬-২০১৮ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে;	সওজ অধিদপ্তর
২.	নবীনগর, বাইপাইল, ঢাকা-ইপিজেড ও বিকেএসপি'তে লোকাল বাস সার্ভিসের জন্যে বাস-বে'র দৈর্ঘ্য ও প্রশস্তা বৃদ্ধি করা হবে;	সওজ অধিদপ্তর
৩.	ঢাকা-ইপিজেড ও বিকেএসপি'র সামনের সড়কে রিজিড পেভমেন্ট কাজ সমাপ্ত হয়েছে, সার্ভিস লেনের কাজ ৩১-০৫-২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে;	সওজ অধিদপ্তর
৪.	চন্দ্রা ইন্টারসেকশনে গাজীপুর-টাঙ্গাইলগামী যানবাহনের জন্য লেন তৈরি ০৮-০৬-২০১৮ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে;	সওজ অধিদপ্তর
৫.	চন্দ্রা মোড় হতে কালিয়াকৈরের বাইপাস পর্যন্ত অংশে ৪-লেন তৈরির কাজও ০৮-০৬-২০১৮ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে;	সওজ অধিদপ্তর
৬.	গুরুত্বপূর্ণ ইন্টারসেকশনে আইপি ক্যামেরা স্থাপনের মাধ্যমে যানবাহন চলাচল মনিটরিং করতে হবে;	হাইওয়ে/জেলা পুলিশ
৭.	টাঙ্গাইলগামী ছোট-ছোট যানবাহনের জন্য কালামপুর-কাউলিয়াপাড়া-বালিয়া-ওয়ার্শি-মির্জাপুর বিকল্প সড়ক চালু করা হয়েছে যানবাহনকে তা অনুসরন করাতে হবে;	হাইওয়ে/জেলা পুলিশ
৮.	আবুল্ফাহপুর-গাজীপুর চৌরাস্তা এবং নবীনগর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা মহাসড়কের গুরুত্বপূর্ণ ইন্টারসেকশনে ট্রাফিক ব্যবস্থাপনার জন্য অতিরিক্ত পুলিশ মোতায়েনের ব্যবস্থা নিতে হবে;	হাইওয়ে/জেলা পুলিশ
৯.	৪-লেন ট্রাফিক ব্যবস্থা চালু রেখে বিআরটি প্রকল্পের আওতায় চলমান উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করত হবে। তবে ঈদের ৭ (সাত) দিন পূর্ব হতে এ ধরণের কাজ বঙ্গ রাখতে হবে।	প্রকল্প পরিচালক (বিআরটি) প্রকল্প
১০.	গাজীপুর অংশে ঢাকা-বাইপাস মহাসড়কের সংস্কার কাজ দ্রুত সমাপ্ত করতে হবে এবং সড়কের যে অংশ সমাপ্ত হয়েছে সে অংশের রাস্তা Passable রাখতে হবে।	সওজ অধিদপ্তর
১১.	বঙ্গবন্ধু সেতুর ওজন স্টেশনে সবগুলো বুথ চালু রাখতে হবে এবং খালি ট্রাকের জন্য আলাদা রো করতে হবে।	সেতু বিভাগ

অপর পাতায় দ্রষ্টব্য

২৮

১২.	মহাসড়কে ক্রটিপূর্ণ মোটরযান চলাচল যাবে না করতে পারে সে বিষয়ে আয়োজন আদালত পরিচালনা করতে হবে।	জেলা প্রশাসন/বিআরটি এ
১৩.	দূর পাল্লার মোটরযানে একাধিক ড্রাইভার দ্বারা দূর পাল্লার মোটরযান পরিচালনা করতে হবে। বিরামস্থীনভাবে একই চালক দ্বারা গাড়ী চালনা করা যাবে না।	পরিবহন মালিক সমিতি/সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন
১৪.	মহাসড়কের দুই পাশে অবৈধ বাজার/স্থাপনা অপসারণ করতে হবে। এ বিষয়ে সওজ প্রয়োজনীয় সহায়তা করবে।	হাইওয়ে/জেলা পুলিশ/ জেলা প্রশাসন/গাজীপুর সিটি কর্পোরেশন/সওজ অধিদপ্তর
১৫.	মহাসড়কের দুই পাশে ময়লা আবর্জনা ফেলা যাবে না।	গাজীপুর সিটি কর্পোরেশন
১৬.	শিবপুর-মোকাবুর বিজ দ্রুত চালু করতে হবে	সওজ অধিদপ্তর
১৭.	জয়দেবপুর-সিকান্দি মহাসড়কের অসমাপ্ত ২ কিঃ কাজ সম্পন্ন করতে হবে	সওজ অধিদপ্তর
১৮.	ফুলবাড়ীয়া-মাওনা সড়কের কাজ শুরু করতে হবে। পাশাপাশি রক্ষণাবেক্ষণ কাজ অব্যাহত রেখে রাখা Passable রাখতে হবে	সওজ অধিদপ্তর
১৯.	পানজুরা পয়েন্ট হতে উলুখোলা এবং মাওনা-শ্রীপুর-বর্মী সড়ক এবং মাষ্টারবাড়ী-ভাওয়াল মীর্জাপুর সড়ক সচল রাখতে হবে।	সওজ অধিদপ্তর
২০.	মহাসড়কে ব্যাটারিচালিত রিস্কা ও খ্রি-হাইলার চলাচল বন্ধ করতে হবে।	হাইওয়ে/জেলা পুলিশ/ জেলা প্রশাসন/বিআরটি এ
২১.	উত্তরবঙ্গ হতে মাছডর্তি পানির ট্যাংকসহ ট্রাক চলাচল বন্ধ করার ব্যাপারে কঠিন পদক্ষেপ নিতে হবে	জেলা প্রশাসক/ চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/ রাজশাহী/টাঙ্গাইল
২২.	মহাসড়কে সৃষ্টি পটহোল তাৎক্ষনিকভাবে বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।	সওজ অধিদপ্তর
২৩.	সৃষ্টি ঘানজট মোকাবেলায় প্রয়োজনীয় সংখ্যক বেকার এর ব্যবস্থা করতে হবে	হাইওয়ে/জেলা পুলিশ/সওজ অধিদপ্তর
২৪.	জেলা/হাইওয়ে পুলিশের সাথে সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে জরুরি মেরামত কাজে নিয়োজিত উপ-সহকারী প্রকৌশলী/কার্যসহকারীর মোবাইল নম্বর পুলিশকে সরবরাহ করতে হবে।	সওজ অধিদপ্তর

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ওবায়দুল কাদের এমপি)
মন্ত্রী

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০২০.১৮-২৪৭

তারিখ: ৩১-০৫-২০১৮ খ্রি:

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
২. চেয়ারম্যান, বিআরটি, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
৩. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ মতিঝিল, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন/এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫. বিভাগীয় কমিশনার, ঢাকা
৬. যুগ্মসচিব, নন-গেজেটেড সংস্থাপন ও এন্টিআর অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৮. ডিআইজি রেজ, ঢাকা/ডিআইজি হাইওয়ে রেজ পুলিশ, টেলিকম ভবন, রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা
৯. প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প/সেওজ, ভবন-৪, রোড-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, সাসেক-১/২, বাড়ি নম্বর-১২৭ তৃতীয় তলা, সড়ক নম্বর-২, ব্লক-এ, বিকেতন, গুলশান-১, ঢাকা
১১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী জোন
১২. জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/টাঙ্গাইল/সিরাজগঞ্জ
১৩. পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর/টাঙ্গাইল/সিরাজগঞ্জ/পুলিশ সুপার হাইওয়ে, গাজীপুর
১৪. পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ-১ আশুলিয়া, ঢাকা/শিল্পাঞ্চল পুলিশ-২ গাজীপুর
১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেওজ), ঢাকা সড়ক সার্কেল
১৬. প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প, বিবিএ অংশ, ভবন-৪, রোড-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সদর/কালিয়াকৈর/মির্জাপুর/টাঙ্গাইল সদর/ভূয়াপুর
১৮. নির্বাহী প্রকৌশলী (সেওজ), ঢাকা/গাজীপুর/টাঙ্গাইল/সিরাজগঞ্জ
১৯. ভারপ্রাণ কর্মকর্তা, গাজীপুর/কালিয়াকৈর/মির্জাপুর/টাঙ্গাইল/ মাওলা/সালনা/গাজীপুর
২০. সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
২১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২১/১ পাস্থপথ লিংক রোড, কাওরান বাজার ঢাকা-১২১৫
২২. খন্দকার এনায়েত উল্লাহ, মহাসচিব, ঢাকা সড়ক পরিবহন সমিতি, ২১, রাজউক এভিনিউ মতিঝিল, ঢাকা
২৩. জলাব ওসমান আলী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২৪. ব্যবস্থাপনা পরিচালক, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেমস (সিএনএস) লিঃ, প্লট নম্বর-১৬৭, রোড নম্বর-১৫, এভিনিউ-২ ডিওএইচএস, গিরপুর, ঢাকা
২৫. সভাপতি, বাংলাদেশ ট্রাক ও কভার্ডভ্যান মালিক সমিতি, মসজিদ মার্কেট কমপ্লেক্স, ৪৮ তলা, তেজগাঁও, ট্রাক টার্মিনাল, ঢাকা
২৬. সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কভার্ডভ্যান এসোসিয়েশন, গাজীপুর
২৭. সভাপতি/সাধারণ সম্পাদক, গাজীপুর জেলা সড়ক পরিবহন শ্রমিক-কর্মচারী ইউনিয়ন, গাজীপুর
২৮. সভাপতি/সাধারণ সম্পাদক, বাস মালিক সমিতি, গাজীপুর
২৯. সভাপতি, গাজীপুর ট্রাক মালিক সমিতি, গাজীপুর
৩০. সভাপতি/সাধারণ সম্পাদক, কাভার্ডভ্যান ওনার্স এসোসিয়েশন, গাজীপুর

৩১/০৫/২০১৮

ড. মোঃ কামরুল আহসান

যুগ্মসচিব

ফোন : ৯৫৬১২২৫

তারিখ: ৩১-০৫-২০১৮ খ্রি:

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০২০.১৮-২৪৭/১(৮)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণের জন্য

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

৩১/০৫/২০১৮

ড. মোঃ কামরুল আহসান

যুগ্মসচিব